# কলা স্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

## বাংলা

### কোর্স : এস.ই.সি/১১/১০১

### সমালোচনা ও রসগ্রহণের রীতি

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। কবিতা লেখা এক অনিবার্য ব্যর্থতা-বোধের মুখোমুখি দাঁড় করিয়ে দেয় কবিকে। এ কথা কি তুমি মানবে? যুক্তিসহ তোমার মতামত দাও।

**অথবা**

২। বই কেনার গল্প থেকে বই-সংস্কৃতির বড়ো পরিসরে পৌঁছে যায় শঙ্খ ঘোষের ‘বইয়ের ঘর’-এর রচনাগুলি। পঠিত অংশ অবলম্বনে কথাটি বুঝিয়ে লেখো।

৩। সাহিত্য এবং লিটারেচার—এই দুই শব্দের মধ্যে যে যে ধারণাগত তফাত রয়েছে সে বিষয়ে সংক্ষেপে লেখো। সাহিত্যের আলোচনায় হিপ্পলিট তেইন-এর পদ্ধতির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। এই পদ্ধতির সীমাবদ্ধতা কোথায় তাও উল্লেখ করো। ২+৫+৩

**অথবা**

৪। হাডসন কবিতার স্বরূপ বোঝাতে গিয়ে যেসব কবি ও সমালোচকের কথা উদ্ধৃত করেছেন তার মধ্যে থেকে যে কোনো চারজনের মত নিজের ভাষায় হাজির করো। সাবজেকটিভ এবং অবজেকটিভ — এই দুই বর্গের কবিতা থেকে যে কোনো একটি করে ধরন বেছে নিয়ে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৬+৪





৫। ‘আমার সব অস্থিরতার তলায় এই একটি বিশ্বাস নিষ্কম্প্র।’ বুদ্ধদেব বসুর ‘আমার ছেলেবেলা’ বই-এর এই মন্তব্যটিতে যে ‘সব অস্থিরতা’ এবং ‘একটি বিশ্বাস’-এর কথা রয়েছে সেগুলি ঠিক কী? এখানে ‘বিশ্বাস’ শব্দটির পরেই ‘নিষ্কম্প্র’ শব্দটির চমৎকার প্রয়োগ বিষয়ে তোমার মন্তব্য জানাও। ৭+৩

**অথবা**

৬। একটি প্রশ্নের উত্তর খুঁজতে খুঁজতে যে লেখা শুরু হল, কোনো স্পষ্ট উত্তরে না পৌঁছেই ফুরিয়ে গেল সে লেখা। এতে রচনাটিই ব্যর্থ হয়ে গেল শেষ অবধি? ‘হৃদয়ে প্রেমের শীর্ষ’ রচনাটি পড়ার সূত্রে এ বিষয়ে তোমার মত জানাও। ১০